

Question Bank for PG Course

বাংলা (Bengali)

প্রথম পত্র (Paper-I)

Bangla Sahityer Itihas : PGBG-I

1. অভিনন্দ রচিত রামচরিতের সর্গসংখ্যা কত?
2. মৎসেন্দ্রনাথ ৬৫০খ্রিষ্টাব্দে রাজা ব্রেন্দ্রনাথের রাজত্বকালে নেপালে গমন করেন। একথা কার লেখা থেকে জানা যায়?
3. সহজাত্যং যদুংপন্নং সহজং তং প্রকীর্তিতম্ --কথাটি কার?
4. চর্যাগীতিতে এমন গানও দুর্লভ নয় যেখানে সন্ধ্যাভাষার ব্যবহার নেই। কোন কোন পদ এর উদাহরণ?
5. শ্রীকৃষ্ণকীর্তনের প্রাপ্ত পুঁথিটিতে বড়ু চণ্ডীদাস ও চণ্ডীদাসের নামে ভগিতা পাওয়া যায় কতবার?
6. "চুন বিহনে যেহু তাম্বুল তিতা । অল্প বএসে তেহু তাম্বুল তিতা" --উক্তিটি কার?
7. বিদ্যাপতি কোন সময়ের কবি?
8. বনবাস যাত্রার প্রাক্কালে রামচন্দ্র বিমাতা কৈকেয়ীর চরণবন্দনা করে যাত্রার অনুমতি ভিক্ষা করতে যান। --একথা কোন রামায়ণে আছে?
9. পদ্মার সর্পসজ্জা নামধেয় একটি শিকলি কোন মনসামঙ্গলের পুঁথিতে পাওয়া যায়?
10. কেতকাদাস ক্ষেমানন্দ কোন মঙ্গলকাব্যধারার কোন সময়ের কবি?
11. রামকৃষ্ণ রায় কোন ধারার কবি? তাঁর নিবাস কোথায়?
12. "বিধি যদি রসের রসিক হত্য / এসব কখন করিতে দিত।।" --কার পদ?
13. সখ্য ও বাৎসল্যরসযুক্ত গোষ্ঠলীলার পত্র বর্ণনার পদে জ্ঞানদাসের মূল বৈশিষ্ট্য কী?
14. লোচনদাসের চৈতন্যমঙ্গলে কটি খণ্ড আছে?
15. ১৬১২ খ্রিষ্টাব্দের জৈষ্ঠমাসে পঞ্চমীতিথিতে চৈতন্যচরিতামৃত রচনা সমাপ্ত হয়েছিল। --এই সিদ্ধান্ত কার?
16. বলাকা কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?
17. 'বাঁশরি' কত সালে রচিত হয়েছিল?
18. 'সভ্যতার সঙ্কট' রচনাটি কবে প্রকাশিত হয়? তখন রবীন্দ্রনাথের বয়স কত?
19. 'লিপিমলা' কার লেখা ও কত সালে প্রকাশিত হয়?
20. রঘুনাথ, রাসু ও নৃসিংহ এর কার শিষ্য ছিলেন?

21. ১৮৪৩-১৮৫৫ কালপর্বে 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
22. আলো ও ছায়া' কাব্যগ্রন্থটি কার লেখা ও কোন সালে প্রকাশিত?
23. অশ্রুমতী' কোন ধরনের রচনা? রচনাকার কে? কোন সালে প্রকাশিত হয়?
24. রবীন্দ্রনাথের 'অকালবিবাহ' নামক প্রবন্ধটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
25. বামাবোধিনী' পত্রিকা কবে প্রকাশিত হয়?
26. 'গতিহারী জাহ্নবী' কার লেখা কত সালে প্রকাশিত হয়?
27. সুরেশ্বর, হৈমন্তী এবং অবনী কোন লেখকের কোন উপন্যাসের চরিত্র?
28. 'ধানকানা' ও 'কাফের' কার রচিত গল্পগ্রন্থের নাম?
29. মফঃস্বলী বৃত্তান্ত' কার লেখা উপন্যাস?
30. "এখন সময় আসিয়াছে বিভিন্ন আদর্শ লইয়া বিভিন্ন কাগজের সৃষ্টি করা..."। -- কোন পত্রিকার সম্পাদকীয়তে এমন ব্যাখ্যা দেওয়া হয়েছিল?